গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
চিলমারী, কুড়িগ্রাম
www.chilmari.kurigram.gov.bd

## উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির জুলাই ২০২৫ মাসের মাসিক সভার কার্যবিবরণী :

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব সবুজ কুমার বসাক<br>উপজেলা নির্বাহী অফিসার<br>চিলমারী, কুড়িগ্রাম |
| সভার তারিখ | : | ২৮ জুলাই, ২০২৫ |
| সময় | : | সকাল- ১০.৩০ টা |
| স্থান | : | উপজেলা পরিষদ সভাকক্ষ |

সভায় উপস্থিতি সদস্যগণের তালিকা পরিশিষ্ট "ক" তে দেখানো হলো।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভায় কাজ শুরু করেন। সভার শুরুতে পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয়। কার্যবিবরণী পাঠান্তে কোন সংশোধনী সংযোজন/বিয়োজন না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর আলোচ্য সূচি মোতাবেক সভার কার্যক্রম পরিচলনা করা হয়। অদ্যকার সভায় আলোচনায় অংশগ্রহণ করেন অফিসার ইনচার্জ, চিলমারী মডেল থানা, বিভিন্ন দপ্তরের কর্মকর্তাগণ রাজনৈতিক নেতৃবৃন্দ, ছাত্র প্রতিনিধি, শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান, সাংবাদিক ও বিশিষ্ট ব্যক্তিবর্গঃ

| ক্রঃনং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | আইন-শৃঙ্খলা পরিস্থিতি সম্পর্কে আলোচনা | অফিসার ইনচার্জ, চিলমারী মডেল থানা সভায় আগত সদস্যগণকে শুভেচ্ছা জানিয়ে বলেন জুলাই/২৫ মাসে ১০টি মামলা রুজু হয়েছে। এর মধ্যে অপহরণ-০৩টি, মাদক- ০১টি অন্যান্য- ০৬টি। আসামী গ্রেফতার ১৬ জন। বর্তমানে থানায় জনবল ও যানবাহনের সংকট রয়েছে বিদ্যমান জনবল ও যানবাহন দিয়ে আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে চেষ্টা করা হচ্ছে। অফিসার ইনচার্জ চিলমারী মডেল থানা জুলাই/২০২৫ মাসের অপরাধ চিত্র পাঠ করে শুনান।<br>কোন নিরাপরাধ ব্যক্তি যাতে গ্রেফতার না হয় সেটি নিশ্চিত করার জন্য সভায় উপস্থিত সদস্যগণ অনুরোধ জানান। পুলিশ বিভাগের ব্যবহারের জন্য স্পিটবোডসহ আধুনিক যানবাহনের ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানানো হয়। | ১। আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে বিভিন্ন অপরাধপ্রবণ ও জনগুরুত্বপূর্ণ স্থানে এবং নৌ রুটে পুলিশী টহল বৃদ্ধি করতে হবে।<br>২। অপরাধ প্রবণ এলাকায় সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান, গ্রাম পুলিশ মোতায়েন করবেন।<br>৩। আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য উপস্থিত সকলকে অনুরোধ জানানো হয়।<br>৪। নিরাপরাধ কোন ব্যক্তি যাতে গ্রেফতার না হয় বিষয়টি নিশ্চিত করার জন্য পুলিশ বিভাগকে অনুরোধ জানানো হয়। | ১। অফিসার ইনচার্জ, চিলমারী মডেল থানা, চিলমারী, কুড়িগ্রাম<br>২। অফিসার ইনচার্জ, চুষমারা থানা, চিলমারী, কুড়িগ্রাম<br>৩। চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ, চিলমারী, কুড়িগ্রাম |
| ০২ | ইউনিয়ন আইন-শৃঙ্খলা কমিটির সভা | প্রতিমাসে নিয়মিতভাবে ইউনিয়ন আইন-শৃঙ্খলা কমিটির সভা অনুষ্ঠানের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানান হয়। | ইউনিয়ন আইন-শৃঙ্খলা কমিটির সভা নিয়মিত করে সভার কার্যবিবরণী এ কার্যালয়সহ সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করতে হবে। | চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ, চিলমারী, কুড়িগ্রাম |
| ০৩ | চুরি/ডাকাতি/চাঁদা বাজি | অফিসার ইনচার্জ, চিলমারী মডেল থানা বলেন বিবেচ্য ডাকাতি বন্ধে এবং ডাকাতদের গ্রেফতারে কার্যকর পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। উপজেলায় কোথাও কোন চুরি/ডাকাতি চাঁদাবাজির ঘটনা ঘটলে দ্রুত থানায় অবগত করার অনুরাধ জানান। সভায় উপস্থিত সদস্যগণ বলেন, নৌ-পথে ডাকাতি হওয়ার সম্ভাবনা আছে। নৌ পথে নিরাপত্তা নিশ্চিত করা প্রয়োজন। এছাড়াও সরকারি পরিচয়ে চাঁদাবাীর অভিযোগ পাওয়া যায় | ১। চুরি/ডাকাতি/চাঁদাবাজি রোধে নদীপথসহ গুরুত্বপূর্ণ স্থানে পুলিশি টহল বৃদ্ধি করতে হবে।<br>২। গ্রাম ও চর অঞ্চলে চুরি/ডাকাতি রোধে গ্রাম পুলিশদের টহল বৃদ্ধি করতে হবে।<br>৩। চাঁদাবাজির সুনির্দিষ্ট তথ্যসহ পুলিশ বিভাগে অভিযোগ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। | ১। অফিসার ইনচার্জ, চিলমারী মডেল থানা, চিলমারী, কুড়িগ্রাম<br>২। অফিসার ইনচার্জ, চুষমারা থানা, চিলমারী, কুড়িগ্রাম<br>৩। পুলিশ পরিদর্শক (নিরস্ত্র), চিলমারী নৌ পুলিশ ফাঁড়ি, চিলমারী, কুড়িগ্রাম<br>৪। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), চিলমারী, কুড়িগ্রাম |
| ০৪ | ইভটিজিং/অপহরণ সংক্রান্ত আলোচনা | অফিসার ইনচার্জ জানান, চলতি মাসে এ উপজেলা ইভটিজিং/অপহরণ সংক্রান্ত কোন মামলা দায়ের হয়নি। ইভটিজিং/অপহরণের কোন ঘটনা ঘটলে তাৎক্ষণিকভাবে তা থানায় জানানোর জন্য অনুরোধ জানান। | ১। এ উপজেলায় ইভটিজিং অপহরণ সংক্রান্ত ঘটনা যাতে না ঘটে সে বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>২। শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণকে ইভটিজিং প্রতিরোধে সচেতনতা বৃদ্ধির অনুরোধ জানানো হয়। | ১। অফিসার ইনচার্জ, চিলমারী মডেল থানা, চিলমারী, কুড়িগ্রাম<br>২। অধ্যক্ষ/সুপার/প্রধান শিক্ষক, শিক্ষা প্রতিষ্ঠান (সকল), চিলমারী, কুড়িগ্রাম |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ০৫ | জুয়া | সভায় উপস্থিত সদস্যগণ বলেন, সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে স্কুলগামী ছাত্ররা অনলাইনে জুয়া খেলে। অনলাইনে জুয়া বন্ধে বিকাশসহ এ ধরনের প্রতিষ্ঠানের প্রতি নজরদারী বৃদ্ধি করা প্রয়োজন। | ১। এ উপজেলার সর্বত্র জুয়া খেলা বন্ধে পুলিশ বিভাগ ও ইউপি চেয়ারম্যাগণকে কার্যকরী পদক্ষেপ গ্রহণ করতে হবে। কোথাও জুয়া খেলা হলে তাৎক্ষণিকভাবে থানায় অবহিত করার জন্য সকলকে অনুরোধ জানানো হয়।<br>২। অনলাইনে জুয়া বন্ধে কার্যকর পদক্ষেপ গ্রহরে জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়।<br>৩। জুয়ার কুফল সম্পর্কে ছাত্রদেরকে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের শিক্ষকগণ আলোচনা করবেন এবং জুয়া বন্ধে কার্যকর পদক্ষেপ গ্রহণ করবেন। | ১। অফিসার ইনচার্জ, চিলমারী মডেল থানা, চিলমারী, কুড়িগ্রাম<br>২। অফিসার ইনচার্জ, চুষমারা থানা, চিলমারী, কুড়িগ্রাম<br>৩। পুলিশ পরিদর্শক (নিরস্ত্র), চিলমারী নৌ পুলিশ ফাঁড়ি, চিলমারী, কুড়িগ্রাম<br>৪। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), চিলমারী, কুড়িগ্রাম<br>৫। অধ্যক্ষ/সুপার/প্রধান শিক্ষক, শিক্ষা প্রতিষ্ঠান (সকল), চিলমারী, কুড়িগ্রাম |
| ০৬ | মাদক দ্রব্য সম্পর্কে আলোচনা | অফিসার ইনচার্জ, চিলমারী মডেল থানা জানান, এ মাসে মাদক মামলা হয়েছে- ০১টি। মাদক সেবিরা যাতে চুরি/ছিনতাইসহ বিভিন্ন অপরাধ করার চেষ্টা করতে না পারে সে কারণে তিনি মাদক বিক্রয়কারী ও সেবনকারীদের তথ্য পুলিশ বিভাগকে প্রদানের অনুরোধ জানান।<br>মাদক সেবনকারীদের দ্বারা সমাজে বিভিন্ন সমস্যার সৃষ্টি হয়। সভায় উপস্থিত সদস্যগণ জানান মাদকের বিরুদ্ধে টহল নিয়মিত পরিচালনা করতে হবে। মাদকের কারনে চুরি ছিনতাই হয়। মাদক ব্যবসায়ী ও সেবনকারীদের বিষয়ে পুলিশী নজরদাবী বৃদ্ধি করতে অনুরোধ করা হয়। পরিত্যক্ত ভবনসমূহে মাদক সেবন করা হয়। তাই পরিত্যাক্ত ভবনসহ এর আশে পাশে নজরদারী বৃদ্ধি করার অনুরোধ জানানো হয়। ছাত্র ও তরুণরা যাতে মাদকাসক্ত না হয় সেটি নিশ্চিত করার অনুরোধ করা হয়। | ১। মাদকের সেবন ক্রয়, বিক্রয় রোধে পুলিশী কার্যক্রম জোরদার করতে হবে।<br>২। মাদক বিক্রয়কারী ও সেবনকারী তথ্য পাওয়া গেলে তাৎক্ষণিকভাবে পুলিশকে জানানোর জন্য অনুরোধ করা হয়।<br>৩। রাতের বেলা স্কুল/কলেজের মাঠ/রাস্তায় আড্ডা দিলে তাদেরকে নজরদারিতে রাখার জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানকে অনুরোধ জানান হয়। মাদক সেবন/বিক্রয়ের কোন তথ্য পাওয়া গেলে তাৎক্ষণিকভাবে পুলিশ বিভাগকে জানানোর অনুরোধ করা হয়।<br>৪। মাদক বিক্রয় ও সেবন প্রতিরোধে সামাজিক আন্দোলন গড়ে তুলতে হবে।<br>৫। মাদক বিক্রয় ও সেবনের পয়েন্ট চিহ্নিত করে কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য পুলিশ বিভাগকে অনুরোধ করা হয়।<br>৬। মাদকদ্রব্য প্রবেশ করতে না পারে সে বিষয়ে কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য পুলিশ বিভাগকে অনুরোধ করা হয়।<br>৭। মাদক সেবনের স্থানসমূহে পুলিশী নজরদারী বৃদ্ধি করার অনুরোধ করা হয়। | ১। অফিসার ইনচার্জ, চিলমারী মডেল থানা, চিলমারী, কুড়িগ্রাম<br>২। অফিসার ইনচার্জ, চুষমারা থানা, চিলমারী, কুড়িগ্রাম<br>৩। পুলিশ পরিদর্শক, চিলমারী নৌ পুলিশ ফাঁড়ি, চিলমারী,কুড়িগ্রাম<br>৪। অধ্যক্ষ/সুপার/প্রধান শিক্ষক, শিক্ষা প্রতিষ্ঠান (সকল), চিলমারী, কুড়িগ্রাম |
| ০৭ | বাল্য বিবাহ সম্পর্কিত আলোচনা | সভায় উপস্থিত সদস্যগণ বলেন, জনসচেতনতা ছাড়া বাল্য বিবাহ বন্ধ করা কঠিন। তারা আরো বলেন নিকাহ রেজিস্টার সঠিকভাবে দায়িত্ব পালন করলে বাল্য বিবাহ বন্ধ করা সম্ভব। কিছু অসাধু নিকাহ রেজিস্টার একাধিক রেজিস্টার ব্যবহার করে। নিয়মিত নিকাহ রেজিস্টার যাচাই করার জন্য পরামর্শ প্রদান করেন। | ১। কোথাও বাল্যবিবাহের আয়োজন করা হলে তা দ্রুত পুলিশ বিভাগকে অবহিত করার জন্য ইউপি চেয়ারম্যানসহ সুধিজনকে অনুরোধ জানানো হয়।<br>২। বাল্য বিবাহ প্রতিরোধে নিয়মিত উঠান বৈঠক ও সকল শিক্ষা প্রতিষ্ঠান বৈঠক সচেতনতামূলক সভা করতে হবে। ৩। নিকাহ রেজিস্টারগণের কার্যক্রম নজরদারিতে রাখতে হবে।<br>৪। বাল্য বিবাহ প্রতিরোধে সামাজিক আন্দোলন গড়ে তুলতে হবে। | ১। অফিসার ইনচার্জ, চিলমারী মডেল থানা, চিলমারী, কুড়িগ্রাম<br>২। অফিসার ইনচার্জ, চুষমারা থানা, চিলমারী, কুড়িগ্রাম<br>৩। পুলিশ পরিদর্শক (নিরস্ত্র), চিলমারী নৌ পুলিশ ফাঁড়ি, চিলমারী, কুড়িগ্রাম<br>৪। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), চিলমারী, কুড়িগ্রাম |
| ০৮ | শিক্ষা প্রতিষ্ঠান সংক্রান্ত আলোচনা | সভায় উপস্থিত সদস্যগণ জানান কিছু কিছু শিক্ষা প্রতিষ্ঠানে চুরির ঘটনা ঘটছে। ক্লাস রুম হতে লাইট, ফ্যান চুরি হয়ে গেছে। এ বিষয়ে আইন-শৃঙ্খলা বাহিনীর দৃষ্টি আকর্ষণ করেন। চর এলাকার কিছু কিছু শিক্ষক অনেক দেরিতে যান আর স্কুল ছুটির সময়ের আগেই বিদ্যালয় ত্যাগ করেন। স্কুল ছুটির আগেই কোচিং শুরু হয়। ফলে শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থী কম থাকে। চর এলাকায় কিছু শিক্ষক কর্মস্থলে অনুপস্থিত থাকেন।<br>চিলমারী উপজেলার শিক্ষার মান উন্নয়ন এবং চর এলাকার শিক্ষকদের সমস্যা এবং ছাত্র উপস্থিতি নিয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণের অনুরোধ জানানো হয়। | ১। শিক্ষা প্রতিষ্ঠানে যাতে চুরি না হয় সে বিষয়ে শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণকে নিজস্ব নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করতে হবে প্রয়োজনে আইন-শৃঙ্খলা বাহিনীকে লিখিতভাবে অবগত করতে হবে।<br>২। শিক্ষা প্রতিষ্ঠানে নিজস্ব ব্যবস্থাপনায় সিসি ক্যামেরার ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৩। সরকারি বধি মোতাবেক শিক্ষকগণের প্রতিষ্ঠানে আগমন ও প্রস্থান নিশ্চিত করার জন্য শিক্ষা বিভাগের কর্মকর্তাগণকে অনুরোধ জানানা হয়।<br>৪। স্কুল টাইমে কোচিং না চলে সেটি | ১। উপজেলা মাধ্যমিক ও প্রাথমিক শিক্ষা অফিসার, চিলমারী, কুড়িগ্রাম<br>২। অধ্যক্ষ/সুপার/প্রধান শিক্ষক, শিক্ষা প্রতিষ্ঠান (সকল), চিলমারী, কুড়িগ্রাম |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | | নিশ্চিত করতে মাধ্যমিক ও প্রাথমিক শিক্ষা কর্মকর্তাগণকে অনুরোধ করা হয়।<br>৫। শিক্ষা প্রতিষ্ঠান ছুটির পর শিক্ষা প্রতিষ্ঠান সংশ্লিষ্ট শিক্ষক/কর্মচারী ব্যতিত অন্যকেহ যাতে প্রবেশ করতে না পারে সেটি শ্চিত করার জন্য শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণকে অনুরোধ জানানো হয়।<br>৬। শিক্ষা প্রতিষ্ঠান ছুটির পর অবৈধ ভাবে কেহ শিক্ষা প্রতিষ্ঠানে প্রবেশ করলে বিষয়টি আইন শৃঙ্খলা বাহিনীকে অবহিত করতে হবে।<br>৭। শিক্ষা প্রতিষ্ঠানের কমিটির সভাপতি, সদস্যগণকে নিয়মিত স্কুল, কলেজের কার্যক্রম মনিটরিং করার জন্য অনুরোধ জানানো হয়। | |
| ০৯ | (১) স্বাস্থ্য বিভাগ সংক্রান্ত আলোচনা | সভায় উপস্থিত সদস্যগণ বলেন হাসপাতালে চিকিৎসক, নার্স ও কর্মচারীর সমস্যা রয়েছে যে কারণে রোগীরা কাঙ্খিত সেবা পান না। হাসপাতালে সব সময় ঔষধ পাওয়া যায় না। তাছাড়া ডায়েট চার্ট অনুযায়ী খাবার সরবরাহ হয় না। | ১। চিকিৎসক, নার্স ও কর্মচারীর সংখ্যা বৃদ্ধিসহ চিকিৎসা সেবার মান বৃদ্ধি করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। হাসপাতালে সরকারি বিধি অনুযায়ী খাবার ঔষধ ও জলাতংকে টিকা সরবরাহ নিশ্চিত করতে হবে। | ১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, চিলমারী, কুড়িগ্রাম |
| | (২) অবৈধ বালু উত্তোলন ও পরিবহন | সভায় আলোচনা হয় যে, কিছু অসাধু ব্যবসায়ী অবৈধভাবে ড্রেজার চালিয়ে রাতের অন্ধকারে বালু উত্তোলন করছে। এটি বন্ধ করা জরুরি। | অবৈধ বালু উত্তোলন ও পরিবহন বন্ধের কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার, চিলমারী, কুড়িগ্রাম<br>২। অফিসার ইনচার্জ, চিলমারী মডেল থানা, চিলমারী<br>৩। অফিসার ইনচার্জ, চিলমারী দুষমারা থানা, চিলমারী<br>৪। চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ, চিলমারী, কুড়িগ্রাম<br>৫। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা/ ইউনিয়ন ভূমি উপ-সহকারী কর্মকর্তা (সকল), ইউনিয়ন ভূমি অফিস, চিলমারী |
| | (৩) বাজার মনিটরিং | সভায় সদস্যগণ বলেন যে, দ্রব্যমূল্য সহনীয় পর্যায়ে রাখার জন্য নিয়মিত বাজার মনিটরিং করা প্রয়োজন এবং ঔষধসহ মেয়াদ উত্তীর্ণ কোন পণ্য যাতে বিক্রয়/সংরক্ষণ না করতে পারে সে বিষয়টি মনিটরিং করা প্রয়োজন। উপজেলা নির্বাহী অফিসার বলেন, নিয়মত বাজার মনিটরিং করা হয়। | বাজার মনিটরিং অব্যহত রাখার জন্য অনুরোধ করা হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, চিলমারী, কুড়িগ্রাম<br>২। সংশ্লিষ্ট সকল |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে আলোচনায় অংশগ্রহণ ও সুচিন্তিত মতামত প্রদানের জন্য ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮/০৭/২৫

(সবুজ কুমার বসাক)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি
চিলমারী, কুড়িগ্রাম
ফোন- ০২-৫৮৯৯৫২৬০১
unochilmari@mopa.gov.bd

স্মারক নং- ০৫.৪৭.৪৯০৯.০০০.০৩.০০৪.২৫-১০০৯

তারিখ ঃ ১৩ শ্রাবণ ১৪৩২ / ২৮ জুলাই ২০২৫

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে :
১। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, কুড়িগ্রাম
৩। উপজেলা.............................................................. অফিসার, চিলমারী, কুড়িগ্রাম
৪। অধ্যক্ষ/সুপার/প্রধান শিক্ষক .............................................. বিদ্যালয়/মাদ্রাসা/কলেজ, চিলমারী, কুড়িগ্রাম
৫। চেয়ারম্যান......................................ইউনিয়ন পরিষদ (সকল), চিলমারী, কুড়িগ্রাম
৬। জনাব/জনাবা.................................................................................. চিলমারী, কুড়িগ্রাম
৭। অফিস নথি

২৮/০৭/২৫
উপজেলা নির্বাহী অফিসার
চিলমারী, কুড়িগ্রাম

CamScanner